



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৪৭ কোটি ৪৩ লক্ষ টাকার বাজেট উত্থাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৪ জুলাই ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট উত্থাপন করা হয়েছে। ০৪ জুলাই ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে ২০২২-২৩ অর্থবছরের জন্য ৪৭ কোটি ৪৩ লাখ টাকার বাজেট উত্থাপন করা হয়। বাজেট উত্থাপন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বাজেট উত্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বাজেট বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার এবং বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান। বাজেট আলোচনায় ট্রেজারার মহোদয় বাজেটের নানান দিক তুলে ধরে বিস্তারিত আলোচনা করেন এবং প্রস্তাবিত এ বাজেট বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানসহ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), প্রক্টর, প্রভোস্ট এবং অর্থ ও হিসাব শাখার অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বাজেট উত্থাপন অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলো বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস